

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
khansama.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৬০.০০০.০০০.১১.০১৮(অংশ-১).২৬- ৬০৭

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ / ২৭ আগস্ট ২০২৬

## মহল্লাদার পদে নিয়োগ বিজ্ঞপ্তি

খানসামা উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের উল্লেখিত ওয়ার্ডসমূহের শূন্য পদে **মহল্লাদার** পদে ০১ (এক) জন করে লোক নিয়োগের নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | বেতন |
|---|---|---|---|
| ১ | ০১ নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ | ০১ | মাসিক মোট বেতন = ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা (সরকারি অংশ ৫০% ইউপি অংশ ৫০%) এছাড়া সরকার ঘোষিত প্রাপ্য সকল সুবিধা |
| ২ | | ০৪ | |
| ৩ | ০৬ নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ | ০৭ | |

**শর্তাবলী:**

১. প্রার্থীকে নির্ধারিত নমুনা অনুসরণপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর বরাবরে স্বহস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত নমুনার আবেদনপত্র এ বিজ্ঞপ্তির শেষে সংযুক্ত করা হলো।

২. আগামী ০১/০৯/২০২৬ খ্রি. হতে ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে আবেদন দাখিল করা যাবে। তবে ডাকযোগে প্রেরিত আবেদন ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখের পর পাওয়া গেলে তা গ্রহণযোগ্য হবে না।

৩. আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখে প্রার্থীর বয়স ১৮ (আঠারো) বছর হতে ৩২ (বত্রিশ) বছর-এর মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪. প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৫. প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৬. প্রার্থীকে নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে:

| প্রার্থী | সর্বনিম্ন উচ্চতা | সর্বনিম্ন ওজন | সর্বনিম্ন বুকের মাপ | |
|---|---|---|---|---|
| | | | স্বাভাবিক অবস্থায় | সম্প্রসারিত অবস্থায় |
| পুরুষ | ৫ ফুট ২ ইঞ্চি | ৫০ কেজি | ৩০ ইঞ্চি | ৩২ ইঞ্চি |
| মহিলা | ৫ ফুট | ৪৫ কেজি | ২৮ ইঞ্চি | ৩০ ইঞ্চি |

৭. আবেদনের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে:

৮. ক) ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
খ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি;
গ) প্রার্থী সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি;
ঘ) বয়সের প্রমাণস্বরূপ জন্মনিবন্ধন সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি; এবং
ঙ) ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ একটি ফেরত খাম।

৯. নিয়োগের ক্ষেত্রে যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।

১০. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত কোটা পদ্ধতি সংক্রান্ত নির্দেশাবলি, যতদূর প্রযোজ্য, অনুসরণ করা হবে।

১১. নিয়োগের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই এমন কোনো বিষয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৪ মে ২০১৫ খ্রি. তারিখে জারিকৃত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকরির শর্তাবলি সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (০৩ জুলাই ২০১৭ খ্রি. তারিখে সংশোধিত)-এর বিধানাবলি এবং সরকার কর্তৃক জারিকৃত ও বর্তমানে বলবৎ অন্যান্য বিধানাবলি অনুসরণ করা হবে।

১২. কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে আবেদনের সঙ্গে দাখিলকৃত সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৪. বৈধ আবেদনকারীদের শারীরিক পরিমাপ গ্রহণের পর লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৫. প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. কোনো কারণ দর্শানো ছাড়াই নিয়োগ কার্যক্রমের সময়সূচি পরিবর্তন, নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭. ইতঃপূর্বে এ কার্যালয়ের ২৪/০৯/২০২৫ তারিখের ০৫.৫৫.২৭০০.০০০.১১.০১৮(অংশ-১).২৫-৮৩৫ নং স্মারকের মাধ্যমে প্রকাশিত বিজ্ঞপ্তিতে যে সকল প্রার্থী আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২৭/০৮/২০২৬

(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
খানসামা, দিনাজপুর

: +৮৮ ০১৭৬১৪৯৩৫২৯
: +৮৮ ০২৫৮৯৯২৯৬০০ (অফিস)
: unokhansama@mopa.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর
khansama.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৬০.০০০.০০০.১১.০১৮(অংশ-১).২৬- ৬০৭(১২)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩
২৭ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, দিনাজপুর
২. উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর
৪. অফিসার ইনচার্জ, খানসামা থানা, দিনাজপুর। বিজ্ঞপ্তিটি তার থানার নোটিশ বোর্ডে প্রদান এবং বর্তমানে কর্মরত দফাদার ও মহল্লাদারদের মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডসমূহে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫. চেয়ারম্যান, ......নং............................ইউনিয়ন পরিষদ (সকল), খানসামা, দিনাজপুর। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশ এবং ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদানসহ ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডে গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করত: তার প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬. জনাব মোঃ রবিউল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, খানসামা, দিনাজপুর (বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো)
৭. উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর এর ফেসবুক পেজে প্রকাশ
৮. নোটিশ বোর্ড

২৭/০৮/২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর

CamScanner

<u>আবেদনের নমুনা</u>

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর

**বিষয় : মহল্লাদার পদে নিয়োগের জন্য আবেদন**

মহোদয়,

আপনার কার্যালয় হতে ........................... খ্রি. তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি মারফত জানতে পারলাম যে, খানসামা উপজেলাধীন ......... নং ................................ ইউনিয়নের ......... নং ওয়ার্ডে মহল্লাদার পদে একজন লোক নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য আমি একজন প্রার্থী। নিম্নে আমার ব্যক্তিগত এবং যোগ্যতা সম্পর্কিত তথ্যাবলী প্রদান করা হলো:

১. প্রার্থীর নাম (বাংলায়): ..................................................................................
(ইংরেজীতে) : ..................................................................................
২. লিঙ্গ: ..................................................................................
৩. পিতার নাম: ..................................................................................
৪. মাতার নাম: ..................................................................................
৫. স্থায়ী ঠিকানা: গ্রাম.................................. ইউনিয়ন ................................. ওয়ার্ড নং .....................
উপজেলা ............................................... জেলা ..............................................................
৬. বর্তমান ঠিকানা: গ্রাম .................................ইউনিয়ন ..............................ওয়ার্ড নং.....................
উপজেলা ............................................... জেলা ..............................................................
৭. (ক) জন্ম তারিখ: ..................................................................................
(খ) ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখে বয়স: ...................... বছর ...................... মাস .................... দিন।
৮. জাতীয়তা: ..................................................................................
৯. ধর্ম: ..................................................................................
১০. বৈবাহিক অবস্থা: ..................................................................................
১১. শিক্ষাগত যোগ্যতা: ..................................................................................
১২. শারীরিক যোগ্যতা: (ক) উচ্চতা: ....................................... (খ) ওজন: ...............................................
(গ) বুকের মাপ: স্বাভাবিক অবস্থায় .................................. সম্প্রসারিত অবস্থায় .....................................
১৩. (ক) প্রার্থীর সংশ্লিষ্ট ওয়ার্ডে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা সরাসরি পোষ্য কিনা? ..............................
(খ) হ্যাঁ হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদারের নাম: ..................................................................................
(গ) মৃত্যুর / অবসর গ্রহণের তারিখ: ..................................................................................
১৪. (ক) প্রার্থী অন্য কোন কোটার দাবিদার কিনা?: ..................................................................................
(খ) হ্যাঁ হলে কোটার নাম: ..................................................................................

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য। আমার প্রদত্ত কোন তথ্য কোন গরমিল পাওয়া গেলে বা মিথ্যা প্রমাণিত হলে আমার আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আমার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকব।

<u>আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ</u>

CamScanner